গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-১ শাখা

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ০৭-০২-২০২৩ |
| সভার সময় | বেলা ১২.০০ টা |
| স্থান | সচিব মহোদয়ের কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং প্রকল্প পরিচালককে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক জানান যে, গত ০২ আগস্ট ২০২২ তারিখে বর্ণিত প্রকল্পটি একনেক সভায় অনুমোদিত হয়। ১৭ অক্টোবর ২০২২ তারিখে পরিকল্পনা বিভাগের এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ কর্তৃক অনুমোদনের আদেশ জারি করা হয় এবং ২৫ অক্টোবর ২০২২ তারিখে সুরক্ষা সেবা বিভাগ থেকে প্রকল্পটি অনুমোদনের জিও জারি করা হয়। প্রায় ১৬২ কোটি টাকার প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদকাল জুলাই ২০২২ হতে জুন ২০২৫ সাল। ইতোমধ্যে কার্যক্রম বিভাগ থেকে ২০২২-২০২৩ অর্থবছরের এডিপিতে ১ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়েছে এবং উক্ত অর্থের ব্যয় বিভাজন সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক অনুমোদনের প্রেক্ষিতে Ibas++ এ অন্তর্ভুক্ত করা হয়েছে।

০৩। প্রকল্প পরিচালক সভায় প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি সম্বলিত একটি পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। অতঃপর প্রকল্পটির সার্বিক অগ্রগতি এবং গত ১৯ ডিসেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত ১ম পিআইসি সভার সিদ্ধান্ত এবং বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

০৩-ক। প্রকল্প পরিচালক বলেন, ১ম পিআইসি সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্পের অনুকূলে একজন সহকারী প্রকৌশলীকে (সিভিল) অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে জনাব মোঃ মাহবুব হাসান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর বলেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর দুটি ভিন্ন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণে বিধায় অতিরিক্ত দায়িত্বে কোনো সহকারী প্রকৌশলীকে নিয়োগ দেয়া যাচ্ছে না। তিনি প্রেষণে একজন সহকারী প্রকৌশলী (সিভিল) নিয়োগ দেয়ার উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করেন।

০৩-খ। প্রকল্প পরিচালক বলেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে জনবল আউটসোর্স করার জন্য নিবন্ধিত এজেন্ট এর মাধ্যমে বর্ণিত প্রকল্পের অনুকূলে ০১ জন অফিস সহায়ক নিয়োগ অনুমোদনের জন্য সুরক্ষা সেবা বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে সভাপতি বলেন, যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে অফিস সহায়ক আউটসোর্সিং করাটা যুক্তিযুক্ত হবে।

০৩-গ। প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের ডিপিপিতে গণপূর্ত বিভাগের ২০১৮ সালের রেট সিডিউল সন্নিবেশিত আছে। কিন্তু ইতোমধ্যে ২০২২ সালের রেট সিডিউল অনুমোদিত হয়েছে। সে প্রেক্ষিতে ২০১৮ রেট সিডিউলের পরিবর্তে ২০২২ রেট

অনুসরণে দরপত্র আহবানের প্রস্তাব অনুমোদনের জন্য সুরক্ষা সেবা বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে জনাব মোঃ মাহবুব হাসান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর বলেন, প্রকল্পটি গণপূর্ত রেট সিডিউল ২০১৮ অনুযায়ী অনুমোদিত হয়েছে। পূর্ত কাজের মালামালের বাজারমূল্য বেড়ে যাওয়ায় দর সমন্বয় করার জন্য ইতোমধ্যে গণপূর্ত রেট শিডিউল, ২০২২ প্রণীত হয়েছে। গণপূর্ত রেট শিডিউল, ২০২২ অনুযায়ী দরপত্র আহবান করতে হলে পূর্ত কাজের Scope of work কমিয়ে আনতে হবে এবং এজন্যে এ সভার অনুমোদন প্রয়োজন। পরবর্তীতে ডিপিপি সংশোধন হলে পূর্ত কাজের বাকি অংশটুকু সম্পন্ন করা সম্ভব হবে।

০৪। সভাপতি বলেন, গণপূর্ত অধিদপ্তর এবং স্থাপত্য অধিদপ্তরের সাথে আলোচনাক্রমে ক্রয় পরিকল্পনাসহ প্রকল্পের একটি পূর্ণাঙ্গ কর্ম-পরিকল্পনা প্রস্তুত করে সে মোতাবেক প্রকল্পের দরপত্র আহবানের কার্যক্রম দ্রুত শুরু করা প্রয়োজন।

০৫। বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১) গণপূর্ত অধিদপ্তর এবং স্থাপত্য অধিদপ্তরের সাথে সমন্বয় করে প্রকল্পের পূর্ণাঙ্গ ক্রয় ও কর্ম-পরিকল্পনা প্রস্তুত করে সুরক্ষা সেবা বিভাগের উন্নয়ন শাখা এবং মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বরাবর প্রেরণ করতে হবে;


২) প্রকল্পের কর্ম-পরিকল্পনা ও ক্রয়-পরিকল্পনা মোতাবেক দ্রুত টেন্ডার কার্যক্রম শুরু করতে হবে;

৩) একজন সহাকারী প্রকৌশলী (সিভিল) কে প্রেষেণে নিয়োগের জন্য প্রস্তাব প্রস্তাব প্রেরণ করতে হবে;

৪) উন্নয়ন প্রকল্পের নীতিমালা এবং আউটসোর্সিং নীতিমালা অনুসরণপূর্বক দ্রুত অফিস সহায়ক (আউটসোর্সিং এর মাধ্যমে) নিয়োগ সম্পন্ন করতে হবে;

৫) ডিপিপি অনুযায়ী নিয়মিত পিএসসি সভা অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০১.২৩.২৫

তারিখ: ৬ ফাল্গুন ১৪২৯
১৯ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ

২) কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৩) সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৪) ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৬) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
৭) অতিরিক্ত সচিব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
৮) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
৯) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ
১০) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর
১১) প্রকল্প পরিচালক, ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
১২) নির্বাহী স্থপতি , বিভাগ-১৫, স্থাপত্য অধিদপ্তর
১৩) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ

মোঃ মোশারফ হোসেন
উপসচিব